# 105360 - ফ্রোজেন অবস্থায় মৃতব্যক্তিকে গোসল দেয়া হয়েছে; এই গোসল কি যথেষ্ট হবে?

প্রশ্ন

জনৈক ব্যক্তি হাসপাতালে মারা গেছেন এবং তাকে তিনদিন ফ্রিজে রাখা হয়েছে; যাতে করে দাফনের প্রক্রিয়াগুলো সম্পন্ন হয়। তাকে যখন ফ্রিজ থেকে বের করা হয় তখন তিনি ফ্রোজেন হয়ে গেছেন। গোসল দানকারী ব্যক্তি তাকে ঐ অবস্থাতেই গোসল দিয়েছেন। এতে করে তাকে বসানো ও নাড়ানো সম্ভবপর হয়নি যাতে করে তার পেটের ভেতরে কোন বায়ু থাকলে সেগুলো বেরিয়ে যায়। এমতাবস্থায় এর হুকুম কী?

প্রিয় উত্তর

আলহামদু লিল্লাহ।.

যদি অবস্থাটা এমনই যেমনটি উল্লেখ করা হয়েছে তাহলে মৃতব্যক্তিকে ফ্রিজ থেকে বের করার পর যে গোসল দেয়া হয়েছে সেটি সহিহ ও যথেষ্ট।

আল্লাহই তাওফিকদাতা, আমাদের নবী মুহাম্মদের প্রতি, তাঁর পরিবার-পরিজন ও সাহাবীবর্গের প্রতি আল্লাহ্‌র রহমত ও শান্তি বর্ষিত হোক।

শাইখ আব্দুল আযিয বিন বায, শাইখ আব্দুর রাজ্জাক আফিফি, শাইখ আব্দুল্লাহ্‌ বিন গাদইয়ান।

[গবেষণা ও ফতোয়া বিষয়ক স্থায়ী কমিটির ফতোয়াসমগ্র (৮/৩৫৮)]

আল্লাহই সর্বজ্ঞ।